



ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন, ঢাকা।

সাশ্রয়ী ভাড়ায় টিসিবি
অডিটরিয়াম ব্যবহার করুন
মোবাইল: ০১৭৮৬-২৭১৩০০

নং-২৬.০৫.২৬.৯০.০২২.১১.৩৪৭.১৮/১১৮২

তারিখঃ ২২-০৪-২০১৮খ্রি:

টিসিবি'র বিভিন্ন ঠিকাদার/এজেন্ট নিয়োগের জন্য পুনঃদরপত্র বিজ্ঞপ্তি

২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য টিসিবি'র নিম্নোক্ত ঠিকাদার/ এজেন্ট নিয়োগের জন্য প্রকৃত ও বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানসমূহের নিকট হতে সীলমোহরকৃত পৃথক পৃথক খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ঠিকাদার/ এজেন্ট এর ধরণ, দরপত্র গ্রহণ, খোলার তারিখ ও সময় এবং দরপত্রের সাথে প্রদেয় দরপত্র জামানতের পরিমাণ নিয়ে উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নং | ঠিকাদার/ এজেন্ট এর ধরণ | দরপত্র গ্রহণের তারিখ ও সর্বশেষ সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | দরপত্র জামানতের পরিমাণ |
|---------|---|--------------------------------------|------------------------------|------------------------------------|------------------------|
| ০১. | টিসিবি প্রধান কার্যালয়ের পরিবহন ঠিকাদার (চট্টগ্রাম ব্যতিত সারাদেশ ব্যাপী) | তাং ১০-০৫-২০১৮ সকাল ১১.০০ টা পর্যন্ত | তাং ১০-০৫-২০১৮ সকাল ১১.১৫ টা | টঃ ২,৫০০/- | টঃ ৩,৫০,০০০/- |
| ০২. | টিসিবি প্রধান কার্যালয়ের পিএলআই এজেন্ট/সীমা সার্ভেয়ার | -ঐ- | -ঐ- | টঃ ১,৫০০/- | টঃ ৫০,০০০/- |
| ০৩. | টিসিবি আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামের পরিবহন ঠিকাদার (চট্টগ্রাম হতে সারাদেশ ব্যাপী) | -ঐ- | -ঐ- | টঃ ২,৫০০/- | টঃ ৪,০০,০০০/- |

(১) দরপত্র সিডিউল সোনালী ব্যাংক লিঃ, টিসিবি ভবন, ১, কাওরান বাজার শাখা, ঢাকা, টিসিবি প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব শাখা এবং টিসিবি আঞ্চলিক কার্যালয় চট্টগ্রাম হতে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত সকল কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্য (অফেরত যোগ্য) পরিশোধ সাপেক্ষে ক্রয় করা যাবে।


(২) দরপত্রসমূহ উপরের ছকে বর্ণিত নির্ধারিত সময় পর্যন্ত টিসিবি প্রধান কার্যালয়, ১, কাওরান বাজার, ঢাকা এর অভ্যর্থনা কক্ষে (তৃতীয় তলায়) রক্ষিত দরপত্র ব্যঞ্জে গ্রহণ করা হবে।

(৩) দরপত্র সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী পূরণকরতঃ দরপত্র সিডিউলের ছকে দর উদ্ধৃতকরণসহ দরপত্র সিডিউলে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে দরদাতার নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে সীলমোহরকৃত খামে প্রতিটি দরপত্রের উপরিভাগে সংশ্লিষ্ট ঠিকাদার/এজেন্ট এর কাজের নাম অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করে দরপত্র দাখিল করতে হবে।

(৪) দরপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে “ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ” এর অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে প্রতিটি কাজের জন্য পৃথক পৃথকভাবে দরপত্র জামানত (অর্নেস্ট মানি) সংযুক্ত করতে হবে।

(৫) দরপত্রে কোনরূপ কাটাকাটি/ ঘষামাজা করা হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(৬) টিসিবি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার এবং এক বা একাধিক ঠিকাদার/এজেন্ট নিয়োগের ক্ষমতা সংরক্ষণ করে।


(মোঃ শাহাবুদ্দিন)

প্রধান কর্মকর্তা(সিএমএস ও বিওবি)